৩। তার বিরহে জ্বলে মলেম সই, মনের দুঃখ কার কাছে বা কই,
উড়ু উড়ু করলো প্রাণ কিসে ধৈর্য্য রই।
সে যে মন নিল প্রাণ নিল গো, হরিয়া নিল এ নয়ন মণি।।
৪। আমাতে আমি কি আছি, কি করতে কিনা করতেছি,
আমার হরিচাঁদের প্রেম সাগরে, সদায় ভাসতেছি।
আমি ক্ষণেক হাসি ক্ষণেক কাঁদি গো,
প্রবোধ না মানে দিবা রজনী।।
৫। ডেকে স্বামী মহানন্দ কয়, হরিপ্রেম লেগেচে যার গায়।
সেই সে জানে প্রেমের জ্বালা কেঁদে বুক ভাসায়।
গোঁসাই তারকচন্দ্র ডেকে সুধায় গো
হরি প্রেম নিলি না দীন অশ্বিনী।।

### ৬৭ নং তাল-গড়খেমটা

আমি কি আমাতে আছি
হরিচাঁদের রূপে নয়ন দিয়ে (হারে) ঘরের বাহিরে হ'য়েছি।
আমার মন পোড়া এক রোগ হয়েছে সখি,
সেই জ্বালায় জ্বলে মরতেছি।।
১। মন পোড়া রোগের রীতি (হারে) সদায় জ্বলে বিষের বাতি,
আমার মন হয়েছে ছন্নমতি কি করতে কিনা করতেছি।
হয়ে পাগল পারা মাতোয়ারা সখি কুলের ভয় ভুলে গিয়েছি।।
২। এ বড় কঠিন ব্যারাম, কিছুতে না হয় গো আরাম,
কেবল বলি মলেম মলেম মরমে মরে রয়েছি।
হরি চিন্তামণি ঔষধ দে গো এনে তবে সই পরাণে বাঁচি।।
৩। হরি প্রেম বিচ্ছেদ রোগে আমি বাঁচি না তার ভাব উদ্বেগে,
আমার মন লাগেনা ভোগে যোগে, যে রোগের রোগী হয়েছি।